



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোনঃ-০২২২৩৩-৮৮৯৪৯

ই-মেইলঃ-dgmsme@krishibank.org.bd

ক্রেডিট বিভাগ

প্রকা/ক্রঃবিঃ/শাখা-৪-এসএমই-৭(৮)/করোনা/২০২১-২২/ ২০২২ (২২৫০)

তারিখঃ ০৫/০৪/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত বিশেষ প্রণোদনা প্যাকেজের (২য় পর্যায়) বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয় এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। নভেল করোনা ভাইরাস (COVID-19) থেকে উদ্ভূত 'বৈশ্বিক মহামারি'র বিরূপ প্রভাব মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরাসরি তত্ত্বাবধান এবং দিক নির্দেশনায় দেশের অর্থনৈতিক কর্মকাণ্ড ও ব্যবসায় পরিবেশ পুনরুজ্জীবিতকরণ এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে কুটির শিল্পসহ ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানগুলোকে (সিএমএসএমই) স্বল্প সুদে ওয়ার্কিং ক্যাপিটাল ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে ২০ হাজার কোটি টাকার একটি আর্থিক প্রণোদনা প্যাকেজ ঘোষিত হয়। তিনটি Phase এ বাস্তবায়নযোগ্য সিএমএসএমই প্রণোদনা প্যাকেজ সরকার কর্তৃক ঘোষিত সকল প্যাকেজগুলোর মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ। এখানে প্রতিটি বিদ্যমান গ্রাহকদের পাশাপাশি নতুন নতুন গ্রাহকদেরকে ঋণ দেয়ার নির্দেশনা রয়েছে। সুষ্ঠুভাবে এ আর্থিক প্রণোদনা প্যাকেজ বাস্তবায়ন করা গেলে কোভিড-১৯ প্রাদুর্ভাব সত্ত্বেও দেশের অর্থনৈতিক কার্যক্রমে গতিশীলতা বজায় থাকবে।

০৩। আলোচ্য প্রণোদনা প্যাকেজের আওতায় দ্বিতীয় পর্যায়ে অত্র ব্যাংকের বরাদ্দপ্রাপ্ত ২০০.০০ কোটি টাকা লক্ষ্যমাত্রার শতভাগ বাস্তবায়নের নিমিত্ত মাঠ কার্যালয় সমূহকে বিভিন্ন সময়ে নির্দেশনা দেয়া হয়েছে। নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১/০৩/২০২২ তারিখ পর্যন্ত বিভাগগোয়ারী ঋণ বিতরণের সার্বিক অবস্থা নিম্নরূপ :

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগীয় কার্যালয়	সিএমএসএমই(কোভিড-১৯) প্রণোদনা প্যাকেজের দ্বিতীয় পর্যায় (অর্থবছর:২০২১-২০২২)			৩১/০৩/২০২২ ভিত্তিক আনুপাতিক লক্ষ্যমাত্রা	৩১/০৩/২০২২ ভিত্তিক আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন (কম/বেশী)
		লক্ষ্যমাত্রা	অর্জন	অর্জনের হার		
১	ঢাকা	৪০.০০	২৯.২৮	৭৩.২০%	৩০.০০	-০.৭২
২	ময়মনসিংহ	২৪.০০	১৫.৭৫	৬৫.৬৩%	১৮.০০	- ২.২৫
৩	চট্টগ্রাম	২৫.০০	২০.০৭	৮০.২৮%	১৮.৭৫	+ ১.৩২
৪	খুলনা	১৫.০০	১১.৪৯	৭৬.৬০%	১১.২৫	+ ০.২৪
৫	বরিশাল	১০.০০	৮.০৮	৮০.৮০%	৭.৫০	+ ০.৫৮
৬	সিলেট	১৫.০০	১১.৫৭	৭৭.১৩%	১১.২৫	+ ০.৩২
৭	কুমিল্লা	৩৩.০০	২৮.৩৯	৮৬.০৩%	২৪.৭৫	+ ৩.৬৪
৮	ফরিদপুর	১৫.০০	১২.৫৭	৮৩.৮০%	১১.২৫	+ ১.৩২
৯	কুষ্টিয়া	২২.০০	১৫.৩৫	৬৯.৭৭%	১৬.৫০	- ১.১৫
১০	এলপিও	১.০০	০.০৫	৫.০০%	০.৭৫	- ০.৭০
মোট		২০০.০০	১৫২.৬০	৭৬.৩০%	১৫০.০০	+ ২.৬০

➤ উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায় যে, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, সিলেট, কুমিল্লা ও ফরিদপুর বিভাগ ব্যতীত অন্যান্য বিভাগীয় কার্যালয়সমূহ লক্ষ্যমাত্রার আনুপাতিক হার অর্জনে কিছুটা পিছিয়ে রয়েছে।

চলমান পাতা-০২

২২০


২২

বিষয় : নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত বিশেষ প্রণোদনা প্যাকেজের (২য় পর্যায়) বাস্তবায়ন প্রসঙ্গে।

০৪। ১০ মার্চ ২০২২ তারিখে বাংলাদেশ ব্যাংকে অনুষ্ঠিত সিএমএসএমই (CMSME) আর্থিক প্রণোদনা প্যাকেজের (দ্বিতীয় পর্যায়) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় গভর্নর মহোদয় চলতি মাসেই বেশীরভাগ ঋণ বিতরণের নির্দেশনা প্রদান করেন যেন জুন/২০২২ এর মধ্যে লক্ষ্যমাত্রার শতভাগ বাস্তবায়ন সম্ভব হয়। এমতাবস্থায়, এসএমইএসপিডি সার্কুলার নং-০৯/২০২১ তারিখঃ ০৯/০৯/২০২১ এ প্রদত্ত, অত্র বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক চলতি মাসেই (এপ্রিল/২০২২) বেশীরভাগ ঋণ বিতরণসহ জুন/২০২২ এর মধ্যে প্যাকেজের পূর্ণাঙ্গ বাস্তবায়ন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত



(মোহাম্মদ মুজিবুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

ফোন : ০২২২৩৩-৮৮৯৪৯

নং-বিকেবি-প্রকা/ক্রবি-(শাখা-৪)এসএমই-৭(৮)/করোনা/২০২১-২০২২/ ২০২২(৯২৫০)

তারিখঃ ০৫/০৪/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

Muhammad
05/08/2022
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক